

এমন কিছু জিনিস যা স্বাভাবিক শ্রবণশক্তি সহ একটি শিশুর করতে সক্ষম হওয়া উচিত:

জন্ম থেকে 3 মাস বয়স পর্যন্ত

- চোখ পিটপিট করে বা লাফিয়ে ওঠে যখনি হঠাৎ করে, কোন জোরে শব্দ হয়
- চুপ করে থাকে বা হাসে যখন কেউ তাদের সঙ্গে কথা বলে
- শব্দ করে যেমন "অহ," "আহ"

3 থেকে 6 মাস বয়স পর্যন্ত

- শব্দের জন্য চোখ দিয়ে এদিক ওদিক তাকায়
- আধ-আধ বকবক শুরু হয় ("বাবা," "মামা," "গাগা")
- অনেক রকমের শব্দ ব্যবহার করে, চিৎকার করে, এবং অল্প করে হাসে

6 থেকে 9 মাস বয়স পর্যন্ত

- খুব জোরে কোন শব্দ হলে সেদিকে মাথা ঘোরায়
- "নো-নো" বা "বাই-বাই" বললে বোঝে
- বকবক করে বলে, যেমন "বাবা," "মামা," "গাগা"

9 থেকে 12 মাস বয়স পর্যন্ত

- যে সাধারণ শব্দ বা আওয়াজগুলি আপনি করেন সেগুলিকেই পুনরাবৃত্তি করে
- সঠিকভাবে "মামা" বা "দাদা" বলতে পারে
- গান বা সুরের তালে সারা দেয়
- জিজ্ঞাসা করা হলে প্রিয় খেলনা এবং বস্তুগুলির দিকে দেখিয়ে দেয়

আপনার শিশুর শ্রবণশক্তি বা এই তালিকা সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন থাকে তবে
আপনি আপনার শিশুর স্বাস্থ্য পেশাদারের সঙ্গে কথা বলুন।

আমি আর কোথায় তথ্য পেতে পারি?

নিউ জার্সি ডিপার্টমেন্ট অফ হেলথ
আর্লি হিয়ারিং ডিটেকশন অ্যান্ড ইন্টারভেনশন প্রোগ্রাম
পিও বক্স 364 • ট্রেন্টন, এন জে (NJ) 08625-0364
(609) 292-5676 (শুধুমাত্র ভয়েজ)
ehdi@doh.nj.gov
www.nj.gov/health/fhs/ehdi/
www.hearinghelp4kids.nj.gov



আপনার শিশু কি শুনতে পায়?

আপনার শিশুর প্রথম শ্রবণশক্তি পরিক্ষা



C2843



Philip D. Murphy, Governor
Sheila Y. Oliver, Lt. Governor
Persichilli, RN, BSN, MA
Commissioner



কেন আমার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা উচিত?

- বেশীরভাগ শিশুরাই জন্মের সময় থেকেই ভালো ভাবে শুনতে পায়, কিন্তু অনেকে আবার ঠিকমত শুনতে পায় না।
- যারা শুনতে পারে না তাদের খুঁজে বের করতে আমরা সব শিশুকেই পরীক্ষা করে দেখি।
- একটি শিশুর শ্রবণশক্তি হ্রাস পেয়েছে কিনা তা জানার একমাত্র উপায় হল পরীক্ষা করা।
- শ্রবণশক্তি হ্রাস পেয়েছে কিনা তা যত তাড়াতাড়ি সম্ভব খুঁজে বের করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
যেসব শিশুদের শ্রবণ শক্তির ঘাটতি তাড়াতাড়ি খুঁজে পাওয়া যায় না তাদের পক্ষে শেখা খুব কঠিন হয়ে পরে।
- যদি আমরা শ্রবণশক্তির হ্রাস তাড়াতাড়ি খুঁজে পাই, তবে আমাদের কাছে অনেকগুলি উপায় থাকে যেগুলি আপনার শিশুকে সাহায্য করতে পারে।

আপনার হাসপাতাল ছাড়ার আগে আপনার শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন।

আমার পরীক্ষাটি সম্পর্কে কি জানা উচিত?

- পরীক্ষাটি নিরাপদ ও ব্যথাহীন এবং প্রায় 10 মিনিটের মধ্যে করা যেতে পারে।
- বেশির ভাগ শিশুই পরীক্ষাটি চলাকালীন ঘুমিয়ে থাকে।
- আপনি হাসপাতাল ছাড়ার আগেই পরীক্ষার ফলাফল জানতে পারবেন।
- হাসপাতালকে আপনার শিশুর স্বাস্থ্য পেশাদার বা ক্লিনিকের নাম জানাতে ভুলবেন না যাতে তারা তাদের ফলাফল পাঠাতে পারে।



কেন কিছু শিশুর আরেকটি শ্রবণ পরীক্ষা প্রয়োজন?

- কিছু শিশুর আরেকটি পরীক্ষার প্রয়োজন হতে পারে কারণ:

- কানের মধ্যে থাকা তরল
- পরীক্ষার ঘরটিতে খুব কোলাহল থাকায়
- শিশু খুব বেশী নড়াচড়া করার জন্য
- শিশুর শ্রবণশক্তি হ্রাস থাকায়

- বেশিরভাগ শিশু যাদের অন্য একটি পরীক্ষার প্রয়োজন হয় তাদের শ্রবণশক্তি স্বাভাবিক থাকে। কারণ কারণ শ্রবণশক্তি কমে যায়।
- যদি আপনার শিশু শ্রবণ পরীক্ষায় উত্তীর্ণ না হয়, তবে নিশ্চিত করুন যাতে যত তাড়াতাড়ি সম্ভব তাকে আবার পরীক্ষা করানো হচ্ছে।

একটি নবজাতক শিশু কি শ্রবণ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও কি তার শ্রবণ শক্তি হ্রাস পেতে পারে?

- হ্যাঁ, কিছু শিশু প্রথম পরীক্ষায় পাস করার জন্য যথেষ্ট ভাল শুনতে পায়, কিন্তু পরে তাদের শ্রবণশক্তি বিভিন্ন কারণের জন্য হারিয়ে ফেলে যেমন:
 - কিছু অসুস্থতা
 - কিছু ওষুধের কারণে
 - কিছু আঘাত
 - শ্রবণশক্তি হ্রাসের পারিবারিক ইতিহাস
- আপনার শিশুর বড় হওয়ার সাথে সাথে শ্রবণশক্তি হ্রাসের লক্ষণগুলির দিকে নজর রাখুন।
- পিছনের কভারে উল্লেখিত তালিকাটিকে একটি গাইড হিসেবে ব্যবহার করুন।